গাংনীতে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে সংঘর্ষ, আহত৫

মেহেরপুরের গাংনীতে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে সংঘর্ষে উভয় পক্ষের ৫জন আহত হয়েছে।

সোমবার কাল ১০ টায় উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামে এ সংঘষে ঘটনা ঘটে। গাড়াবাড়িয়া গ্রামের বিলাত আলীর ছেলে হবিবার রহমার জানান, তাদের ৪শতক জমির উপর সিমানা প্রাচীর দেওয়ার সময় একই গ্রামের ইসমাইল হোসেনের নেতৃত্বেতার সহযোগীরা ঘটনা স্থলে এসে কাজে বাধা দেয়। বাকবি তন্ডার এক পর্যায় তারা আমাদের উপর হামলা করে। হামলায় তিনিসহ তার স্ত্রী বুলুয়ারা, বোন কুরছিয়া, ছেলেটি পুসুল তান আহত হন।

এদিকে ইসমাইল হোসেন জানান, বিরোধ পূর্নজমি নিয়ে আদালতে মামলা চলমান থাকলেও জোরপূর্বক সিমানা প্রাচীর দিচ্ছিল। বাধা দিতে গেলে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে তার পক্ষের হাফিজুল ইসলাম নামের একজন আহত হয়। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান সংঘর্ষেও খবর পেয়ে পুলিশ পাঠানো হয়। উভয় পক্ষ থানায় থানায় অভিযোগ দায়ের করেছে পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত ইমরুল কায়েসের বাবা

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওপেনার ইমরুল কায়েসের বাবা বানি আমিন বিশ্বাস (৬০) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে সেখান থেকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেছেন চিকিৎসক। তার একটি পা ভেঙে গেছে ও কানে আঘাত পেয়েছেন বলে জানায় চিকিৎসকরা।

সোমবার (২৩ মার্চ) বেলা ১০ টার দিকে মেহেরপুর-কাথুলি সড়কের ছহিউদ্দীন ডিগ্রি কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

সদর থানার ওসি শাহ দারা খান জানান, বানি আমিন বিশ্বাস (৬০) মেহেরপুর সদর উপজেলার উজ্জলপুর গ্রামের নিজ বাড়ি থেকে মেহেরপুর আসার পথে ছহিউদ্দিন ডিগ্রি কলেজের পাশে একটি আলমসাধুর সাথে ধাক্কায় আহত হন।

এতে বানি আমিন বিশ্বাস গুরুতর আহত হলে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। দুর্ঘটনায় তার একটি পা ভেঙে যাওয়া সহ কানে আঘাত পেয়েছেন। উন্নত চিকিৎসার জন্য তাকে মেহেরপুর থেকে রেফার্ড করা হয়েছে।

মেপ্র/ইএম

মেহেরপুরের আমঝুপিতে করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সোমবার সকাল ১১টার দিকে আমঝুপি পরিষধের নিজস্ব হল রুমে চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে করোনা ভাইরাস প্রতিরোধে ইউনিয়ন কমিটি গঠন করা হয়। সভায় ইউনিয়ন পরিষদের উদ্যোগে মাইকিং, লিফলেট বিতরন ও পোষ্টারিং করা সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া রাত ৮.০০ ঘটিকা থেকে সকল দোকান বন্ধ করা। একের অধিক মানুষ এক সাথে না থাকা। দ্রব্য মুল্যের দাম বৃদ্ধি না করা। বিদেশ থেকে কোন মানুষ আসলে সঙ্গে সঙ্গে সরকারি উর্ধ্বতন কর্মকর্তাকে বা ইউনিয়ন পরিষদকে তাৎক্ষনিক জানানো।

কমিটির সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, বীর মুক্তিযোদ্ধা আমঝুপি ইউনিয়ন পরিষদের সভাপতি মতিউর রহমান, ৮ নং ওয়ার্ডের মেম্বর আবুল কাশেম, ৯ নং ওয়ার্ডের মেম্বর মশিউর রহমান ডাবলু, ৬ নং ওয়ার্ডের মেম্বর আমিনদ্দীন, ৫ নং

ওয়াার্ডের মেম্বর আলেকচাঁদ মল্লিক, ১ নং ওয়ার্ডের মেম্বর আনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের মেম্বর আক্তার হোসেন, মহিলা মেম্বর বুলবুলি খাতুন, মহিলা মেম্বর কুসুম, সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালেদ হোসেন রুমি, আমঝুপি বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুলতানা পারভিন, প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, খলিলুর রহমান, সাংবাদিক মো: শহিদুল ইসলাম, সাংবাদিক, আকতারুজ্জামান প্রমুখ।

এছাড়া ইউনিয়ন পরিষদের সামনে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়।

গাংনীতে উপজেলা প্রশাসনের অভিযানে দু ব্যবসায়ীর অর্থদন্ড

মেহেরপুরর গাংনীতে বাজারমুল্য নিয়ন্ত্রণে রাখতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা অব্যাহত রেখেছে গাংনী উপজেলা প্রশাসন। চাউলের মুল্যবৃদ্ধি, মেয়াদউত্তীর্ণ খাবার সংরক্ষণ করার অপরাধে রবিবার বিকালে ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন।

অভিযানে উপজেলার হেমায়েতপুর বাজারে চাল ব্যাবসায়ীসহ দু’টি দোকান মলিককে ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা করে অর্থদন্ড দেয়া হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালতের আইনে দন্ডিতরা হলো - হেমায়েতপুর বাজারের টিটু স্টোরের মালিক চাউল ব্যাবসায়ী রাজিবুল হক এবং ভাই ভাই স্টোরের মালিক হামিদুল ইসলাম।

এসময় এক হোটেল ব্যবসায়ীকে নোংরা পরিবেশে খাবার না রাখার হুশিয়ারী দেয়া হয়েছে। একই সাথে উক্ত বাজারের সকল চায়ের দোকানে টিভি না রাখা এবং জন জমায়েত সৃষ্টি না করার নির্দের্শ দেওয়া হয়েছে। এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যমুল্য বৃদ্ধি হলে প্রশাসনকে জানানোর জন্য বলা হয়েছে।

এমন অভিযোগ পেলে তাৎক্ষনিক ব্যাবস্থা নেয়ার কথা জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

মুজিবনগরে খানা বন্ধ, ব্যাসায়ীদের জরিমানা

মুজিবনগরে বিভিন্ন জায়গায় ১দিনের ব্যাবধানে আবারো অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত।

উপজেলা প্রশাসনের আয়োজনে রবিবার বিকাল থেকে সন্ধা প্রর্যন্ত দ্রব্যমূল্যের ঊর্ধগতি নিয়ন্ত্রণে মহাজনপুর ও মোনাখালী ইউনিয়নের বিভিন্ন দোকানে এ অভিযান পরিচালিত হয় ও নোভেল করোনা ভাইরাস বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

এ সময় চাউলের দাম বেশী নেওয়া ও মূল্য তালিকা না রাখার দায়ে মহাজনপুর তাপস স্টোর মালিকের কাছে ৪ হাজার টাকা, মোনাখালী ইউনিয়নের গোপালনগর গ্রামের সাকিব স্টোরে ২ হাজার টাকা ও নজরুল ইসলাম স্টোরে ১ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শিবপুর গ্রামে জনসমাবেশের আয়োজন করে করোনা খানার আয়োজন করায় দুই জন খানা আয়োজক এর কাছ থেকে ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ চলাকালীন সময়ে চায়ের দোকানে থাকা টেলিভিশন, ক্যারমাবোর্ড সরিয়ে দেওয়া হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনি। তিনি সকল ব্যবসায়ীকে দোকানে মূল্য তালিকা প্রদর্শনের নির্দেশ দিয়েছেন।

এ অভিযান চলমান থাকবে, যদি কোন ব্যবসায়ী করোনা ভাইরাসের সুযোগে অসৎ পন্থায় লাভবান হওয়ার উদ্দেশ্যে দ্রব্যের কৃত্রিম সংকট তৈরী বা দ্রব্যমূল্য বৃদ্ধি করে তার বিরুদ্ধে আইনগত কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি।

মেহেরপুরে দিনভর অভিযান – ৩ ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ রাখতে দিন ভর অভিযান চালিয়েছে প্রশাসন।

রবিবার সকাল থেকে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন বাজারে সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন এর নেতৃত্বে অভিযান চালানো হয়।

এসময় মূল্য বেশি নেওয়ার অভিযোগে ৩ ব্যবসায়ীর নিকট থেকে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মেহেরপুর বড়বাজার এলাকায় বাজার মনিটরিং করার সময় চাউল ও পেঁয়াজের মূল্য বেশি রাখায় ভোক্তা অধিকার আইনের ৪০ ধারায় চাউল ব্যবসায়ী বড় বাজারের আবদুস সাত্তারের ছেলে হাফিজুল এর কাছ থেকে ১০ হাজার টাকা এবং পেঁয়াজের বেশি দামে বিক্রি করায় ফকির মোহাম্মদের ছেলে রকিবুলের কাছ থেকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

সেখান থেকে ফিরে মেহেরপুর হোটেল বাজারে অভিযান চালানো হয়। সেখানে কোন ব্যবসয়ীকে জরিমানা করা না হলেও সতর্ক করা হয় সবাইকে। সেই সাথে প্রতিটি পণ্যের মূল্য তালিকা টাঙানোর নির্দেশ দেন সহকারী কমিশনার মাইনউদ্দিন।

পরে আমঝুপি বাজারে অভিযান চালানো হয়। আমঝুপি বাজারের চাল ব্যবসায়ী আমজাদ হোসেন কে বেশি দামে চাল বিক্রি করায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়।
সেই সাথে ব্যবসায়ীদের সতর্ক করা হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, হোটেল বাজার ব্যাবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, জেলা বাজার মনিটরিং কর্মকর্তা রতন কুমার রায়।

মেপ্র/এমএফআর

মেহেরপুর পৌরসভার উদ্যোগে হাত ধোয়া বেসিনের উদ্বোধন

করোনা মোকাবেলায় সব ধরনের প্রস্তুতি গ্রহন করেছে মেহেরপুর পৌরসভা। এরই ধারাবহিকতায় পৌর চত্তরে বসানো হয়েছে হাত ধোয়া বেসিন।

আজ শনিবার মেয়র মাহফুজুর রহমান রিটন এই বেসিনের উদ্বোধন করেন। পৌর কর্মকর্তা -কর্মচারি ও পৌর সভায় সেবা পেতে সকল নাগরিগ পরিষ্কায় পরিছন্ন হয়ে পৌরসভায় প্রবেশ করতে পারে সেজন্য এই বেসিন নির্মান করা হয়েছে।

পৌর কাউন্সিলর ও পৌর কর্মকর্তা -কর্মচারি এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড

মেহেরপুরে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা পেতে সন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করে দিয়েছে পুলিশ।
শনিবার সকাল ৯টার দিকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সদর উপজেলার দক্ষিণ শালীকা গ্রামে অভিযান চালিয়ে এ অনুষ্ঠান পন্ড করে।

জানা গেছে , মেহেরপুর সদও উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মরুহুম খেদেও আলী মন্ডলের ছেলে আলমগীর হোসেন তার ছেলের সুন্নতে খৎনা উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান উপলক্ষে প্রায় হাজার খানেক আত্মীয় স্বজনকে দাওয়াত দেওয়া হয়। কিন্তু করোনা ভাইরাসের সংক্রমন থেকে রক্ষার জন্য পুলিশ খবর পেয়ে

সেখানে গিয়ে অনুষ্ঠানের প্যান্ডেল অপসারণ করে এবং গণজমায়েত না করার নির্দেশ দেয়। পরে আয়োজনকারী শহর থেকে প্যাকেট কিনে খাবার দাওয়াত করা লোকজনের বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করেন।

স্থানীয় উপপি সদস্য আলমগীর হোসেন জানান , যেহেতু এটি পুর্বের পরিকল্পনা অনুযায়ী আয়োজন ছিল। তারপরও করোনা ভাইরাসের কারণে প্যান্ডেল অপসারণ করে খাবার প্যাকেটজাত কেও দাওয়াতি লোকজনের বাড়িতে বাড়িতে খাবার পাঠিয়ে দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন , খবর পেয়ে পুলিশ পাঠিয়ে তাদের গণজমায়েত না করার অনুরোধ করলে তারা প্যান্ডেল সরিয়ে ফেলে। প্যাকেট করে খাবার পরিবেশনের পরামর্শ দেওয়া হলে তারা সেভাবেই খাবার বিতরণ করেন।
এছাড়াও মুজিবনগর উপজেলার যতারপুরে (আজ) রবিবার আরো একটি সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুরে ১১৫ জন হোম কোয়ারেন্টিনে , নতুন ২৯

বিভিন্ন দেশ থেকে আসা নতুন ২৯ জনসহ ১১৫ জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা . নাসির উদ্দীন এ তথ্য জানান।

তিনি আরো জানান , চলতি মাসে মেহেরপুরে ১৪৪৭ জন প্রবাসী ফিরেছেন। তাদের সনাক্ত করার কাজ বেশ জটিল। তারপরও আমরা সকলকে বোঝানোর চেষ্টা করছি তারা যেন হোম কায়ারেন্টিনে থাকে।

মেপ্র /ইএম

নিত্য প্রয়োজনীয় দ্রব্য পণ্যের বাজার নিয়ন্ত্রণে হিমশিম প্রশাসন

দেশ জুড়ে এখন আতঙ্কের নাম করোনা ভাইরাস। ইতিমধ্যে সারা বাংলাদেশে ২০ জন এই ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে এবং একজনের মৃত্যু হয়েছে।
এই প্রাণঘাতি করোনা ভাইরাস আতঙ্কে প্রভাব পড়েছে ব্যবসা, পরিবহন, শিক্ষা, স্বাস্থ্য সহ প্রায় সব ক্ষেত্রেই।
করোনা ভাইরাস আতঙ্ক কে পুজি করে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী কৃত্রিম সংকট সৃষ্টি করে দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি করে দিচ্ছে। প্রশাসনের কর্মকর্তারা নিয়মিত বাজার মনিটরিং করলেও দ্রব্যমূলের উর্ধগতি থামাতে পারছেন না।

বেশি দামে আমাদের কিনতে হচ্ছে ব্যবসায়ীদের এই অযুহাতের কাছে যেন বন্দি প্রশাসনের কর্মকর্তারা।
মেহেরপুরেও এর প্রভাব কোন অংশে কম নেই। ইতি মধ্যে নিত্য প্রয়োজনীয় প্রায় সকল পণ্যের দাম বাড়তে শুরু করেছে। বিশেষ করে চালের বাজারে এর প্রভাবটা বেশি পড়েছে। রাতারাতিই বস্তা প্রতি ৫০ থেকে ৮০ টাকা কোন কোন ক্ষেত্রে ১০০-১৫০ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। বাজার নিয়ন্ত্রণ রাখতে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করলেও বেশি দামে কেনার ভাউচার দেখিয়ে পার পেয়ে যাচ্ছে ব্যবসায়ীরা। শুধু চালের বাজার না বেড়েছে কাঁচা বাজারের প্রতিটি পণ্যের দাম। এক্ষেত্রে সুযোগ নিয়েছে ছোট খাটো পরিবহন শ্রমিকরাও। রিক্সা অটো ইজিবাইক সহ বিভিন্ন পরিবহনে নেওয়া হচ্ছে বেশি ভাড়া।

মেহেরপুর, গাংনী ও মুজিবনগরে বাজার পরিদর্শনে গিয়ে দেখা যায় প্রতিটি নিত্য প্রয়োজনীয় সব পণ্যের দাম বেশি ধরা হচ্ছে। মেহেরপুর হোটেল বাজারের বেশ কয়েকজন চাল ব্যবসায়ী জানান, আমাদের মেহেরপুরে চাল উৎপাদন হয়না। বাইরে থেকে আমাদের চাল আমদানি করতে হয়। সেখানেই দাম বেশি নিচ্ছে এক্ষেত্রে আমরা কি করবো।
ফল ও কাচা বাজারের কয়েকজন ব্যবসায়ী একই কথা বলেন। তবে মাংসের

বাজারের দেশি মুরগীর দাম বৃদ্ধি পেলেও কমেছে বয়লার দাম সেই সাথে অপরিবর্তন আছে গরু-ছাগল।

এ বিষয়ে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম বলেন, করোনা আতঙ্ককে কেন্দ্র করে কেউ যেন দ্রব্যমূল্য বৃদ্ধি না করে সেজন্য আমরা সার্বক্ষনিক তদারকি করছি। আপনারা জানেন, ইতিমধ্যে আমরা চালের বাজারে অভিযান পরিচালনা করেছি। ব্যবসায়ীদের সতর্ক করেছি। সেই সাথে নিত্য প্রয়োজনীয় পণ্য গুলোর মধ্যে বেশ কিছু পণ্য ন্যায্যমূল্যে টিসিবি’র মাধ্যমে বিক্রয় করা হচ্ছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এটা চলমান থাকবে। আর ব্যবসায়ীদের ভিতর কেউ যদি বেশি দামে পণ্য বিক্রি করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।
গাংনী প্রতিনিধি এ সাহিন সিদ্দীকি জানান, সারা দেশের ন্যায় গাংনীতেও নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম বেশি নিচ্ছে ব্যবসায়ীরা। ভ্রাম্যমাণ আদালত নিয়মিত অভিযান পরিচালনা করলেও নিয়ন্ত্রণ করতে অনেকাংশে ব্যর্থ হচ্ছে। এক্ষেত্রে ব্যবসায়ীদের দাবি বেশি দামে কিনতে হচ্ছে।
উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, করোনা নিয়ে গাংনীতে যে কোন অস্থিতিকর পরিবেশ মোকাবেলাই আমরা প্রস্তুত। নিত্য প্রয়োজনীয় পণ্য থেকে শুরু করে হোম কোয়ারেন্টাইন সব বিষয় গুলো আমরা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি।

মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা জানান, মুজিবনগরে বাজার পরিস্থিতি মোটামুটি স্বাভাবিক আছে। তবে চাল ও কাচা বাজারে কিছুটা প্রভাব পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রেণে রাখতে উপজেলা প্রশাসন নিয়মিত নিয়মিত পর্যবেক্ষণ করছে।

এছাড়াও শাকিল রেজা আরও জানান, করোনা আতঙ্কে ভাটা পড়েছে মুজিবনগর পর্যটন ক্ষেত্রে। হঠাৎ করে লোক সমাগম অনকেটা বন্ধ হয়ে যাওয়ায় পর্যটন এলাকার ব্যবসায়ীরা পড়েছে লোকসানের মুখে। আশেপাশের এলাকা থেকে কিছু লোক সমাগম হলেও ব্যবসায়ীরা খেলনা সামগ্রী থেকে শুরু করে অনান্য পণ্যের দাম হাকাচ্ছে বেশি। সেই এই এলাকার পরিবহন শ্রমিকরা যাত্রিদের কাছ থেকে নিচ্ছে বাড়তি ভাড়া।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ওসমান গনি জানান, বাজার নিয়ন্ত্রণ রাখতে আমরা সব সময় খোজ খবর রাখছি। দ্রব্যমূল্য যদি বেশি নেয় তাহলে আমরা তার বিরুদ্ধে ব্যবস্থা নেবো।

এছাড়া আজ শনিবার থেকে আমরা নিয়মিত বাজার পরিদর্শন করবো।

মুজিবনগর পর্যটন কেন্দ্রের বিষয়ে তিনি জানান , করোনা মোকাবেলার জন্য মুজিবনগর পর্যটন বন্ধ করা হয়েছে।